

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, চিরিরবন্দর,  
দিনাজপুর  
সহকারী প্রোগ্রামার এর দপ্তর

স্মারক নম্বর: ৫৬.০৪.২৭৩০.০০০.২৫.০০২.২৩.৪

তারিখ: ২৭ ফাল্গুন ১৪২৯

১২ মার্চ ২০২৩

বিষয়: "আইসিটি ইন এডুকেশন লিটারেসি, ট্রাবলসুটিং ও মেইনটেন্যান্স" বিষয়ক প্রশিক্ষণে অংশগ্রহণের  
জন্য প্রশিক্ষণার্থী মনোনয়ন প্রদান প্রসংগে।

সূত্র: আইসিটি অধিদপ্তর এর স্মারক নং ৫৬.০৪.০০০০.০০১.২৩.৩০০, তারিখঃ ১১/০৩/২০২৩ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, শেখ রাসেল ডিজিটাল ল্যাবসমূহ পরিচালনা, ব্যবহার ও রক্ষণাবেক্ষণের জন্য শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন প্রকল্পের আওতায় ১০ দিন ব্যাপী "আইসিটি ইন এডুকেশন লিটারেসি, ট্রাবলসুটিং ও মেইনটেন্যান্স" বিষয়ক প্রশিক্ষণ এর আয়োজন করা হবে। উক্ত প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য শেখ রাসেল ডিজিটাল ল্যাব প্রাপ্ত প্রতিষ্ঠান হতে ৫ জন (১ জন অপেক্ষামান থাকবে এবং ৪ জনের প্রশিক্ষণ হবে) করে প্রশিক্ষণার্থী মনোনয়ন প্রদান প্রয়োজন।

অতএব, প্রত্যেকটি শেখ রাসেল ডিজিটাল ল্যাবপ্রাপ্ত প্রতিষ্ঠান হতে ০১ জন শিক্ষককে অপেক্ষামান রেখে ০৪ (চার) জন শিক্ষককের তথ্য সংযুক্ত ছক মোতাবেক আগামী ১৪/০৩/২০২৩ তারিখ দুপুর ১২.০০টার মধ্যে এ কার্যালয়ে ই-মেইল ঠিকানায় [doictchirirbandar@gmail.com](mailto:doictchirirbandar@gmail.com) সফট কপি (ওয়ার্ড ফাইল) এবং হার্ডকপি (প্রতিষ্ঠান প্রধান কর্তৃক স্বাক্ষরিত স্ক্যান কপি এর pdf ফরম্যাট) প্রেরণ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হল। উল্লেখ্য যে, পরবর্তীতে প্রশিক্ষণের তারিখ ও ভেনু জানানো হবে।

সংযুক্তিঃ শিক্ষক তথ্য ছক।



১২-৩-২০২৩

মো: মাইদুল ইসলাম

সহকারী প্রোগ্রামার

অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপারিনটেনডেন্ট, শেখ রাসেল  
ডিজিটাল ল্যাব প্রাপ্ত প্রতিষ্ঠান(সকল), চিরিরবন্দর,  
দিনাজপুর।


স্মারক নম্বর: ৫৬.০৪.২৭৩০.০০০.২৫.০০২.২৩.৪/১(৩)

তারিখ: ২৭ ফাল্গুন ১৪২৯

১২ মার্চ ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, চিরিরবন্দর, দিনাজপুর
- ২) প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, দিনাজপুর
- ৩) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, চিরিরবন্দর, দিনাজপুর



১২-৩-২০২৩

মো: মাইদুল ইসলাম

সহকারী প্রোগ্রামার